

বিএসএমএমইউ'র নাক কান গলা বিভাগের চেয়ারম্যান
অধ্যাপক ডা. কামরুল হাসান তরফদারের মাতার ইন্তেকাল
মাননীয় উপাচার্য মহোদয়ের শোক প্রকাশ

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অটোল্যারিংগোলজি-হেড এন্ড নেক সার্জারি বিভাগের সম্মানিত চেয়ারম্যান অধ্যাপক ডা. কামরুল হাসান তরফদারের মাতা সৈয়দা সিরাজুননেছা আজ ১০ নভেম্বর ২০১৭, শুক্রবার, সকাল ১১টায় কার্ডিওলজি বিভাগের আইসিসিইউতে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি...রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৮০ বছর। সৈয়দা সিরাজুননেছা-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। তিনি এক শোক বিবৃতিতে সৈয়দা সিরাজুননেছা-এর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন। মরহুমা সৈয়দা সিরাজুননেছা মৃত্যুকালে ছয় ছেলে, দু'মেয়ে, আত্মীয়-স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। মরহুমার নামাজে জানাযা আজ শুক্রবার বাদ জুম্মা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে অনুষ্ঠিত হয়। এতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশ নেন। মরহুমা সৈয়দা সিরাজুননেছার বড় ছেলে অধ্যাপক ডা. কামরুল হাসান তরফদার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অটোল্যারিংগোলজি-হেড এন্ড নেক সার্জারি বিভাগের চেয়ারম্যান হিসাবে কর্মরত আছেন। তাঁর এক ছেলে পুলিশের কর্মকর্তা, দু' মেয়ে আমেরিকা এবং দু' ছেলে লন্ডন প্রবাসী। মরহুমা সৈয়দা সিরাজুননেছাকে হবিগঞ্জের চুনারুঘাট উপজেলার মুরারবন্দ দরগা শরীফে দাফন করা হবে।